শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

১৪৮৫২

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/ তারিখঃ /০৬/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটির সভাপতি পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশা/রংপুর-৬৩/৪৯৫/৫; তারিখঃ ২৮/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসার সুপার মোঃ নওশাদ আলীকে অবৈধভাবে সাময়িক বরখাস্ত করার বিষয়টি নিস্পত্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং- ১৫৩১১/১৬ এ প্রদত্ত ১১/১২/২০১৬খ্রিঃ তারিখে আদেশ জারি করেন (কপি সংযুক্ত)।

হাইকোর্ট বিভাগের আদেশের প্রেক্ষিতে গত ৩১/০৫/২০১৭খ্রিঃ তারিখে তাঁকে তার পক্ষে কাগজপত্রসহ স্ব-শরীরে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে উপস্থিত থাকার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)। কিন্তু আপনি উপস্থিত হন নাই। আপনার এহেন কার্যকলাপ বোর্ড তথা সরকারি আদেশ অবমাননার সামিল এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৪১(চ)(১) এর পরিপন্থি।

বর্ণিত অবস্থায় বোর্ড তথা সরকারি আদেশ অবমাননা ও প্রবিধান-৪১(চ)(১) এর পরিপন্থি কার্যকলাপে লিপ্ত থাকায় প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১১২৭/৯/নথি নং- রংপুর-৬৩; তারিখঃ ০৫/১১/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ বেলায়েত হোসেন এর পদ কেন বাতিল করা হবে না আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক .....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) জনাব মোঃ বেলায়েত হোসেন, সভাপতি;
২) ভারপ্রাপ্ত সুপার, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা
মিঠাপুকুর, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/ ৫৪৬৭৬ তারিখঃ ৫ /০৬/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. জনাব মোঃ নওশাদ আলী, সুপার (সাময়িক বরখাস্তকৃত), হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, হুলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\06. June\01.06.2017\Rang-63